

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২২৮৯

পরিচ্ছেদঃ ৩৮/৩. কারো উপর মৃত ব্যক্তির ঋণের ভার হাওয়ালা করা জায়েয।

بَابِ إِنْ أَحَالَ دَيْنَ الْمَيِّتِ عَلَى رَجُلِ جَازَ

আরবী

حَدَّتَنَا الْمَكِّيُّ بْنُ إِبْرَاهِيمَ حَدَّتَنَا يَزِيدُ بْنُ أَبِي عُبَيْدٍ عَنْ سَلَمَةَ بْنِ الْأَكْوَعِ قَالَ كُنَّا جُلُوسًا عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم إِذْ أُتِي بِجَنَازَةٍ فَقَالُوا صَلِّ عَلَيْهَا فَقَالَ هَلْ عَلَيْهِ دَيْنٌ قَالُوا لاَ قَالُ هَلْ عَلَيْهِ ثُمَّ أُتِي بِجَنَازَةٍ أُخْرَى فَقَالُوا يَا رَسُولَ قَالُوا لاَ قَالُوا لاَ فَصَلَّى عَلَيْهِ ثُمَّ أُتِي بِجَنَازَةٍ أُخْرَى فَقَالُوا يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صَلِّ عَلَيْهَا قَالَ هَلْ عَلَيْهِ دَيْنٌ قِيلَ نَعَمْ قَالَ فَهَلْ تَرَكَ شَيْئًا قَالُوا ثَلاَثَةَ دَنَانِيرَ فَصَلَّى عَلَيْهَا ثُمَّ أُتِي بِالثَّالِثَةِ فَقَالُوا صَلِّ عَلَيْهَا قَالَ هَلْ تَرَكَ شَيْئًا قَالُوا كَا لَا قَالُوا عَلَى صَلَّ عَلَيْهَا قَالَ هَلْ تَرَكَ شَيْئًا قَالُوا لاَ قَالُوا عَلَى صَلَّ عَلَيْهَا قَالَ أَبُو قَتَادَةَ صَلَّ عَلَيْهِ عَلَيْهِ وَلَا اللهِ عليه وسلم وَعَلَيَّ دَيْنُهُ فَصَلَّى عَلَيْهِ

বাংলা

২২৮৯. সালামাহ ইবনু আকওয়া (রাঃ) হতে বর্ণিত যে, তিনি বলেন, একদিন আমরা নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট বসা ছিলাম। এমন সময় একটি জানাযা উপস্থিত করা হল। সাহাবীগণ বললেন, আপনি তার জানাযার সালাত আদায় করে দিন। নবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তার কি কোন ঋণ আছে? তারা বলল, না। তিনি বললেন, সে কি কিছু রেখে গেছে? তারা বলল, না। তখন তিনি তার জানাযার সালাত আদায় করলেন। তারপর আরেকটি জানাযা উপস্থিত করা হল। সাহাবীগণ বললেন, হে আল্লাহর রাসূল! আপনি জানাযার সালাত আদায় করে দিন। তিনি বললেন, তার কি কোন ঋণ আছে? বলা হল, হাাঁ, আছে। তিনি বললেন, সে কি কিছু রেখে গেছে? তারা বললেন, তিনটি দ্বীনার। তখন তিনি তার জানাযার সালাত আদায় করলেন। তারপর তৃতীয় আরেকটি জানাযা উপস্থিত করা হল। সাহাবীগণ বললেন, আপনি তার জানাযা আদায় করুন। তিনি বলেন, সে কি কিছু রেখে গেছে। তারা বললেন, না। তিনি বললেন, তার কি কোন ঋণ আছে। তারা বললেন, তিন দ্বীনার। তিনি বললেন, তোমাদের এ লোকটির সালাত তোমরাই আদায় করে নাও। আবু কাতাদাহ রোঃ) বললেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! তার জানাযার সালাত আদায় করুন, তার ঋণের জন্য আমি দায়ী। তখন তিনি তার জানাযার সালাত আদায় করলেন। (২২৯৫) (আধুনিক প্রকাশনীঃ ২১২৭, ইসলামিক ফাউন্ডেশনঃ ২১৪৪)



English

Narrated Salama bin Al-Akwa:

Once, while we were sitting in the company of Prophet, a dead man was brought. The Prophet (**) was requested to lead the funeral prayer for the deceased. He said, "Is he in debt?" The people replied in the negative. He said, "Has he left any wealth?" They said, "No." So, he led his funeral prayer. Another dead man was brought and the people said, "O Allah's Messenger (**)! Lead his funeral prayer." The Prophet (**) said, "Is he in debt?" They said, "Yes." He said, "Has he left any wealth?" They said, "Three Dinars." So, he led the prayer. Then a third dead man was brought and the people said (to the Prophet (**)), Please lead his funeral prayer." He said, "Has he left any wealth?" They said, "No." He asked, "Is he in debt?" They said, ("Yes! He has to pay) three Diners.', He (refused to pray and) said, "Then pray for your (dead) companion." Abu Qatada said, "O Allah's Messenger (**)! Lead his funeral prayer, and I will pay his debt." So, he led the prayer.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আকৃওয়া' (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন